"শিল্পে প্রাকৃতিক গ্যাস
গৃহস্থালীতে বিকল্প জ্বালানী"

"বিদ্যুৎ ও জ্বালানী নিরাপত্তা
সর্বোচ্চ অগ্রাধিকার"

BAPEX

# বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ
# BANGLADESH PETROLEUM EXPLORATION AND PRODUCTION COMPANY LIMITED
**(A Company of Petrobangla)**

স্মারক নম্বর: ১১৪.১৯.৭১/৪৬২

তারিখ: ১৮-জানুয়ারি ২০২৬

## দপ্তর আদেশ

বাপেক্স কর্তৃক নিয়োগকৃত কর্মকর্তা জনাব মোঃ জাকির হোসেন (পরিচিতি নম্বর: ০৬৩৬), ব্যবস্থাপনা পরিচালক, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড (পিজিসিএল)-এর ব্যক্তিগত নথিপত্রের রেকর্ড অনুযায়ী তার জন্ম তারিখ: ২৫-০১-১৯৬৭ হওয়ায় আগামী ২৪-০১-২০২৬ তারিখে তার বয়স ৫৯ (উনষাট) বছর পূর্ণ হবে। বিধি মোতাবেক ২৪-০১-২০২৬ তারিখে তিনি কোম্পানির চাকুরি হতে অবসর গ্রহণ করবেন। এ প্রেক্ষিতে আগামী ২৫-০১-২০২৬ তারিখ হতে তার অবসর-উত্তর ছুটি (পিআরএল) শুরু হবে বিধায় জনাব মোঃ জাকির হোসেন-এর অনুকূলে নিম্নরূপে অবসর-উত্তর ছুটি এবং ছুটি নগদায়ন মঞ্জুর করা হলো:

(ক) হিসাব অনুযায়ী তার ৫৪৮ দিন পূর্ণগড় বেতনে এবং ৬৩৭ দিন অর্ধগড় বেতনে ছুটি পাওনা আছে। পিআরএল ভোগ সংক্রান্ত ১০-১১-২০২৫ তারিখের আবেদনের প্রেক্ষিতে তার অনুকূলে ২৫-০১-২০২৬ হতে ২৪-০১-২০২৭ তারিখ পর্যন্ত ৩৬৫ দিন বা ১২ (বারো) মাস পূর্ণগড় বেতনে অবসর-উত্তর ছুটি (পিআরএল) মঞ্জুর করা হলো।

(খ) অবসর-উত্তর ছুটি মঞ্জুর পরবর্তী তার অবশিষ্ট পূর্ণগড় বেতনের ছুটি (৫৪৮– ৩৬৫) = ১৮৩ দিন। তার প্রাপ্য ৬৩৭ দিন অর্ধগড় বেতনের ছুটিকে ২ দিন = ১ দিন ধরে পূর্ণগড় বেতনে রূপান্তর করলে (৬৩৭ ÷ ২) =৩১৮.৫০ দিন পূর্ণগড় বেতনে ছুটি পাওয়া যায়। অর্থাৎ তার সর্বমোট পূর্ণগড় বেতনে ছুটির পরিমাণ (১৮৩ + ৩১৮.৫০) = ৫০১.৫০ দিন। পেনশন বিধি অনুযায়ী একজন কর্মচারী ছুটি পাওনা থাকা সাপেক্ষে সর্বোচ্চ ৫৪০ (পাঁচশত চল্লিশ) দিন বা ১৮ (আঠারো) মাস ছুটি নগদায়ন ভোগ করতে পারেন। সে মোতাবেক তার অনুকূলে ৫০১.৫০ দিনের ছুটির বিপরীতে নগদ অর্থ তার সর্বশেষ আহরিত মাসিক মূল বেতনের ভিত্তিতে মঞ্জুর করা হলো।

এমতাবস্থায়, অবসর-উত্তর ছুটিকালীন পাওনাদি বাপেক্স-এর হিসাব ও অর্থ বিভাগ হতে পরিশোধ করা হবে। অবসর-উত্তর ছুটি ভোগকালে তিনি কোম্পানির নিয়ম মোতাবেক প্রাপ্য সুযোগ সুবিধাদি ভোগ করতে পারবেন। চূড়ান্ত অবসর ভাতা প্রদানের জন্য বিধি অনুযায়ী বাপেক্স-এর হিসাব ও অর্থ বিভাগ, সংশ্লিষ্ট বিভাগ/শাখাসমূহ হতে "দাবী নাই" মর্মে প্রত্যয়নপত্র প্রাপ্তির পর দেনা সমন্বয় সাপেক্ষে (যদি থাকে) পাওনা পরিশোধের ব্যবস্থা গ্রহণ করবে।

১৮/০১/২০২৬

(মোঃ আসাদ উল্লাহ্)
মহাব্যবস্থাপক (প্রশাসন)

বিতরণ:

১। জনাব মোঃ জাকির হোসেন, ব্যবস্থাপনা পরিচালক, পিজিসিএল, নলকা, সিরাজগঞ্জ।
২। মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ), বাপেক্স, ঢাকা।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, প্রভিডেন্ট ফান্ড ট্রাস্ট, হিসাব ও অর্থ বিভাগ, বাপেক্স, ঢাকা।
২। সদস্য-সচিব, পেনশন ট্রাস্ট, হিসাব ও অর্থ বিভাগ, বাপেক্স, ঢাকা।
৩। উপমহাব্যবস্থাপক (চিকিৎসা), বাপেক্স, ঢাকা।
৪। উপমহাব্যবস্থাপক (প্রশাসন) ও কল্যাণ কর্মকর্তা, বৈদেশিক ক্রয় উপবিভাগ, বাপেক্স, ঢাকা।
৫। উপমহাব্যবস্থাপক (সেবা), বাপেক্স, ঢাকা।
৬। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, চেয়ারম্যান-এর দপ্তর, পেট্রোবাংলা, ঢাকা।
৭। ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালকের কার্যালয়, বাপেক্স, ঢাকা।
৮। উপব্যবস্থাপক (সমন্বয়) টু ব্যবস্থাপনা পরিচালক, পিজিসিএল, নলকা, সিরাজগঞ্জ।
৯। ব্যক্তিগত নথি।
১০। অফিস কপি।

BAPEX BHABAN, 4, Kawran Bazar C/A, Dhaka-1215, GPO Box-2092
Fax : 88-02-55011787, Website : www.bapex.com.bd, E-mail : mdbapex@bapex.com.bd

CamScanner